DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 23 Nov 2026, 07:08 PM

সারাদেশ

# টানা বৃষ্টিতে বিপর্যস্ত ঝালকাঠির জনজীবন, দুর্ভোগে শ্রমজীবী মানুষ

প্রতিবেদক: ঝালকাঠি প্রতিনিধি
প্রকাশের তারিখ: শনিবার, ২১ নভেম্বর ২০২৬, ০২:২০ PM



টানা তিন থেকে চার দিনের বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে ঝালকাঠি পৌর শহরের স্বাভাবিক জীবনযাত্রা

টানা তিন থেকে চার দিনের বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে ঝালকাঠি পৌর শহরের স্বাভাবিক জীবনযাত্রা। একটানা বৃষ্টিতে শহরের বিভিন্ন নিচু এলাকা ও সড়কে পানি জমে জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। এতে সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়েছেন শ্রমজীবী মানুষ, পথচারী, ক্ষুদ্র ব্যবসায়ী ও নিম্ন আয়ের বাসিন্দারা।

গত দুই দিনের তুলনায় বৃষ্টির পরিমাণ ও তীব্রতা বেড়ে যাওয়ায় পরিস্থিতির আরও অবনতি হয়েছে। জীবিকার প্রয়োজনে বৃষ্টি উপেক্ষা করে ঘর থেকে বের হলেও কর্মস্থলে পৌঁছানো কিংবা দৈনন্দিন কাজ করতে গিয়ে নানা বিড়ম্বনায় পড়ছেন শ্রমজীবীরা।

সরেজমিনে দেখা যায়, শহরের প্রধান সড়ক থেকে শুরু করে বিভিন্ন অলিগলিতে পানি জমে আছে। কোথাও কোথাও সড়কে পানি থাকায় রিকশা ও ভ্যান চলাচল ব্যাহত হচ্ছে। এতে অফিসগামী মানুষ ও শিক্ষার্থীদের চলাচলে ভোগান্তি তৈরি হয়েছে। অনেককে নির্ধারিত সময়ে

গন্তব্যে পৌঁছাতে হিমশিম খেতে হচ্ছে।

অন্যদিকে, বৃষ্টির কারণে শহরের কাঁচাবাজার, ফুটপাত ও ছোট দোকানগুলোতে ক্রেতাদের উপস্থিতি কমে গেছে। ফলে বেচাকেনা না থাকায় অলস সময় কাটাতে হচ্ছে ক্ষুদ্র ব্যবসায়ীদের। একই সঙ্গে দিনমজুর ও রিকশাচালকদের আয়েও প্রভাব পড়েছে। অনেকের দৈনিক উপার্জন অর্ধেকে নেমে এসেছে।

স্থানীয়দের অভিযোগ, শহরের ড্রেনেজ ব্যবস্থার দুর্বলতার কারণে বৃষ্টির পানি দ্রুত নিষ্কাশন হচ্ছে না। ফলে বিভিন্ন এলাকায় বাসাবাড়ি ও ব্যবসাপ্রতিষ্ঠানে পানি ঢুকে পড়ছে। এতে সাধারণ মানুষের দুর্ভোগ আরও বেড়েছে।

টানা বৃষ্টিতে জনজীবন স্বাভাবিক করতে দ্রুত পানি নিষ্কাশনের কার্যকর ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন ভুক্তভোগীরা।

---

## এ বিভাগের আরও খবর



**আখাউড়ায় জুলাই আন্দোলনের বিস্ফোরক মামলায় এনসিপি নেতা গ্রেপ্তার, থানার সামনে বিক্ষোভ**
ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ায় জুলাই আন্দোলন-সংশ্লিষ্ট বিস্ফোরক মামলায় সায়েব আলী নামের জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) এক নেতাকে গ্রেপ্তার করেছে পুলি...




**সুনামগঞ্জে নারী শিক্ষা ও কর্মসংস্থান নিয়ে সামাজিক নিরীক্ষার প্রতিবেদন জেলা প্রশাসকের কাছে হস্তান্তর**
সুনামগঞ্জের চার উপজেলায় নারী শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ-সুবিধা, প্রতিবন্ধকতা ও সম্ভাবনা নিয়ে পরিচালিত সামাজিক নিরীক্ষার প্র...



### ব্রাহ্মণবাড়িয়ায় ফিজিশিয়ান স্যাম্পল বিক্রি, তিন ফার্মেসিকে জরিমানা

ব্রাহ্মণবাড়িয়া পৌর শহরে বিক্রয় নিষিদ্ধ ফিজিশিয়ান স্যাম্পল অবৈধভাবে মজুত ও বিক্রির দায়ে তিনটি ফার্মেসিকে ১৬ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্য...




### ২২ বছর পর ১২ ডিসেম্বর সুনামগঞ্জ সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান

দীর্ঘ প্রায় ২২ বছর পর আগামী ১২ ডিসেম্বর সুনামগঞ্জ সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তাঁর এ সফর উপলক্ষে জেলা স্টেডিয়ামে আয়োজন করা হচ্ছে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/tana-brishtite-biprjst-jhalkathir-jnjibn-durbhoge-shrmjibi-manush